



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)



তারিখঃ ০৪ জুলাই ২০২২  
২০ আষাঢ় ১৪২৯

### প্রেস রিলিজ

আজ ০৪ জুলাই ২০২২ খ্রিঃ (সোমবার) নারায়নগঞ্জ লবণ মিল মালিক সমিতি এর মামলার (মামলা নং- ০৭/২০২০) শুনানি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের এজলাসে গ্রহণ করা হয়। শুনানী চলাকালে বাদী জনাব পরিতোষ কান্তি সাহা, সভাপতি, নারায়নগঞ্জ লবণ মিল মালিক গুপ এবং জনাব মহিউদ্দীন আহমেদ (শাহীন), এডভোকেট উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেন এবং অভিযোগ সংশ্লিষ্ট কতিপয় বিষয়ের উপর মৌখিক বক্তব্য উপস্থাপন করেন। অপরদিকে বিবাদী এর পক্ষে জনাব মোঃ আতিক সরকার, সহকারী পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), মোঃ রিফাত হাসান, সহকারী বাণিজ্য পরামর্শক, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব এসএম রেজুয়ানুল ইসলাম, উপব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), মোঃ মাহমুদুল হাসান, উপ-প্রধান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং জনাব মোঃ কামাল আতাহার হোসেন, উপসচিব, শিল্প মন্ত্রণালয় উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেন এবং স্ব স্ব বক্তব্য পেশ করেন।

উপস্থিত পক্ষগণের শুনানী গ্রহণ, উপস্থাপিত কাগজপত্র ও তথ্যাদি পরীক্ষা করে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে কমিশন নিম্নরূপ আদেশ প্রদান করেন :

“প্রতিযোগিতার ক্ষেত্রে বাজার ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষা, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন কোম্পানির বিভিন্ন ব্র্যান্ডের মানসম্পন্ন এবং স্বাস্থ্যসম্মত ভোজ্য লবণ উৎপাদন, সরবরাহ, বাজারজাতকরণ এবং বিক্রয় নিশ্চিত করার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয় মনিটরিং ও পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে”।

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : [shekhrubeldu@gmail.com](mailto:shekhrubeldu@gmail.com)